

কেন ডাকো

শীতের রোদের মতো কেন ডাকো দুরন্ত দুপুরে  
বাগানে নেমেছে বর্ষা স্থলপদ্ম ঘুম দেয়  
অলক্ষ্যে ওড়াও আঁচল  
নির্জন সিন্ধুতীরে স্বপ্নের মতো ভাসে গভীর নীলিমা  
স্বপ্নের গভীরে ভাসো প্রেমের আর্দ্রতা নিয়ে  
অবিকল ঠিক অবিকল

জ্যোৎস্নায় খুব ভিজে নীল ঘোড়া চলে গেছে  
অশথের নীচ দিয়ে প্রাচীন সড়কে  
তোমার সোনার ডাক তেমনি কি ফিরে যায়  
নির্জন প্রান্তরে গভীর অসুখে

ছায়াকে পিছনে ফেলে উধর্ঝাস মেলট্রেন গেলে  
গ্রামীন সেতুর পাশে ঘুম ভেঙে জেগে ওঠে  
কার করতল  
বাগানে নেমেছে বর্ষা স্থলপদ্ম ঘুম দেয়  
অলক্ষ্যে ওড়াও আঁচল।

সুমন বন্দ্যোপাধ্যায়

